# মার্কিন সেনা হত্যায় ইরানকে বহুগুণ বেশি মূল্য দিতে হবে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

মার্কিন সেনাদের মৃত্যুর ঘটনায় ইরানকে আরও বড় মূল্য দিতে হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সোমবার (২০ জুলাই) নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে তিনি এ হুঁশিয়ারি দেন। খবর সিএনএনের।

ট্রাম্প বলেন, ইরান যখনই কোনো মার্কিন সেনাকে হত্যা করবে, তখন প্রতিটি হত্যার জন্য দেশটিকে বহুগুণ বেশি মূল্য দিতে হবে।

তিনি আরও জানান, এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা যুদ্ধবিষয়ক মন্ত্রী পিট হেগসেথ, জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান ড্যানিয়েল কেইনসহ মার্কিন সামরিক বাহিনীর সব শীর্ষ নেতার কাছে পৌঁছে দেওয়া হয়েছে।

এদিকে পেন্টাগন জানিয়েছে, গত সপ্তাহান্তে তিন মার্কিন সেনা নিহত হয়েছেন। তাদের মধ্যে দুজন জর্ডানের একটি সামরিক ঘাঁটিতে এবং অন্যজন উত্তর ইরাকে নিহত হন।

অন্যদিকে, জর্ডানে হামলার ঘটনাস্থল থেকে উদ্ধার হওয়া অজ্ঞাতপরিচয় মানবদেহের অবশিষ্টাংশ পরীক্ষা-নিরীক্ষা করছে মার্কিন সামরিক বাহিনী। এসব অবশিষ্টাংশের পরিচয় শনাক্ত হলে হামলায় নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে।

LENS ASIA